



স্বাগতম

এ্যাজাইলাম সীকার রিসোর্স সেন্টারে স্বাগতম। আমরা স্বাধীন মানবাধিকার প্রতিষ্ঠান। আমরা সরকারের জন্য কাজ করি না। আমাদের সাহায্য মাসুলহীন। আমরা অস্ট্রেলিয়ায় শরণার্থী ব্যক্তিদের মানবাধিকার রক্ষা ও সমর্থন করার পক্ষে কাজ করি। আমরা বিশ্বাস করি সকল মানুষেরই স্বাধীন হওয়া উচিত।

আমরা যাঁদেরকে সাহায্য করি

আমরা শরণার্থীদেরকে সাহায্য করি। শরণার্থী হচ্চেন সে ব্যক্তি যিনি:

- দেশ ত্যাগ করতে বাধ্য হয়েছেন কারণ সেখানে বাস করা বিপজ্জনক; এবং
- নিজের দেশে বিপদগ্রস্ত কারণ তাঁরা গভীরভাবে ক্ষতিগ্রস্ত হচ্চেন অথবা গভীরভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা আছে, হয় তাঁদের রাজনৈতিক বিশ্বাস, ধর্ম, জাতি, জাতীয়তা, না হয় তাঁদের সামাজিক দলের জন্য; এবং
- তাঁদের সরকার গভীর ক্ষতি হতে তাঁদেরকে রক্ষা করতে অক্ষম বা অনিচ্ছুক।

যে ভাবে আপনাদেরকে আমরা সাহায্য করতে পারি

অস্ট্রেলিয়ায় আপনি যে উদ্বাস্তু তা প্রমাণ করা সহজ নয়। আমরা আপনাকে বিনামূল্যে আপনার উদ্বাস্তু হিসাবে গৃহীত হওয়ার সম্ভাবনা সম্বন্ধে আইনগত সংপরামর্শ দিব। আমরা যদি মনে করি আপনার উদ্বাস্তু বিবেচিত হওয়ার সম্ভাবনা আছে, তাহলে আমরা আপনাকে সাহায্য করব। আমরা জানি কেউই উদ্বাস্তু হতে চায় না এবং সেজন্যই আমরা আপনাদের সাহায্যে এগিয়ে এসেছি দুঃসময়ে দুর্দিনে সহায়তা দান করতে।

আমরা আপনাকে সব্বপ্রকার সাহায্য করতে সর্বোত্তম চেষ্টা করব, আইনগত পরামর্শ থেকে চিকিৎসাগত যত্ন, ওষুধপত্র, আপনার শিশুর জন্য ন্যাপী, প্রত্যহ স্বাস্থ্যকর মধ্যাহ্নভোজ, খাদ্যের মোড়ক, অবসরকালীন আমোদপ্রমোদ, পরামর্শদান, সংকটে সাহায্য, ইংরাজী শিক্ষা, মেলবোর্ণে দিগনির্দেশণ এবং বসতিস্থাপন থেকে আপনার চাকরী সন্ধান সাহায্য করা পর্যন্ত। আপনি আমাদেরকে যা বলবেন তা গোপনীয় থাকবে এবং আপনি আমাদের কেন্দ্রে নিরাপদে থাকবেন।

যেভাবে আমাদেরকে খুঁজে পাবেন

আপনি মেলবোর্ণের শরণার্থী হলে সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত আমাদের কেন্দ্রে আসতে পারেন। আমরা ১২ ব্যাটম্যান স্ট্রীট, পশ্চিম মেলবোর্ণে অবস্থিত। সহায়তার জন্য আপনি এই সময়কালে

আমাদেরকে (০৩) ৯৩২৬ ৬০৬৬ নম্বরে ফোন করতে পারেন।



নিম্নলিখিত উপায়ে আপনি এ্যাজাইলাম সীকার রিসোর্স সেন্টারে আসতে পারেন:

শহরের ক্ল্যাগস্টাফ উদ্যান থেকে রাস্তার অপর পাশে কিং স্ট্রীট এবং ব্যাটম্যান রোডের কোণে আমরা অবস্থিত।

- আপনি শহরের ক্ল্যাগস্টাফ অথবা সাউদার্ন ক্রস ট্রেন স্টেশন থেকে হেঁটে আসতে পারেন, মাত্র ৫ মিনিটের পথ।
- আপনি শহর থেকে সিটি সার্কুল ড্রাম ধরে লাট্রোব স্ট্রীট এবং কিং স্ট্রীটের কোণে নামবেন, সেখান থেকে মাত্র ২ মিনিটের হাঁটা পথ।

আপনি মেলবোর্ণ, অস্ট্রেলিয়ায় না থাকলে কি করবেন?

আমরা কেবলমাত্র মেলবোর্ণের শরণার্থীদেরকে সাহায্য করতে পারি। আপনি অন্য কোন স্টেটে থাকলে নিচের লিঙ্কে ক্লিক করে আপনার সন্নিহিত পরিষেবার সন্ধান করুন।

<http://www.asrc.org.au/media/documents/asrc-resource-directory.pdf>

আপনি অস্ট্রেলিয়ার বাইরে থাকলে শরণার্থীদের জগৎব্যাপী আবেদন করার তথ্যের জন্য নিচের লিঙ্কে ক্লিক করুন:

<http://www.asylumlaw.org/asylumseeker>